গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুন বাগিচা ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর বিভাগীয় কর্মকর্তাগণের সমন্বয়ে মে, ২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী:**

সভাপতি : মুস্তাকীম বিল্লাহ ফারুকী
মহাপরিচালক (গ্রেড-১), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

তারিখ ও সময় : ০৮ মে ২০২৪, সকাল ০২:৩০ ঘটিকা।

সভার স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য পরিচালক(প্রশাসন ও অর্থ) কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে সরকারের সচিব পদে পদোন্নতি প্রদান করায় মাননীয় প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

০২। পরবর্তীতে তিনি গত ০৮ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর উপর আলোপাত করেন। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিগত সভার আলোচ্যসূচি অনুযায়ী সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিতভাবে বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা</td><td rowspan="2">(ক) অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ বাৎসরিক প্রশিক্ষণসমূহ কর্মপরিকল্পনা অনুযায়ী নিশ্চিত করা প্রয়োজন।</td><td>ক.১) বিভাগীয় কার্যালয়সমূহকে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী Need based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রশিক্ষণসমূহ অবশ্যই আনুষ্ঠানিকভাবে আয়োজন করতে হবে। প্রদত্ত প্রশিক্ষণগুলির তথ্য নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">কার্যালয়/ বিভাগের নাম</th><th colspan="2">প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী</th><th rowspan="2">প্রশিক্ষণার্থীর মোট সংখ্যা</th></tr>
<tr><th>এপ্রিল/২৪</th><th>মে/২৪</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>ক.২) বিভাগীয় কার্যালয়সমূহকে এপিএ, শুদ্ধাচার, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে এবং প্রদত্ত প্রশিক্ষণগুলির তথ্য (প্রশিক্ষণ প্রদানের তারিখ ও প্রশিক্ষণার্থীর সংখ্যা/ব্যাচ) নিম্নবর্ণিত ছক অনুযায়ী প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>কার্যালয়/ বিভাগের নাম</th><th>এপিএ (২৩-২৪) অনুযায়ী প্রদত্ত লার্নিং সেশন (ব্যাচ)</th><th>শুদ্ধাচার কর্মপরিকল্পনা (২৩-২৪) অনুযায়ী প্রদত্ত প্রশিক্ষণ</th><th>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (২৩-২৪) অনুযায়ী প্রদত্ত প্রশিক্ষণ</th><th>সেবা প্রদান প্রতিশ্রুতি (২৩-২৪) অনুযায়ী প্রদত্ত প্রশিক্ষণ</th><th>তথ্য অধিকার (২৩-২৪) অনুযায়ী প্রদত্ত প্রশিক্ষণ</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>(খ) সহকারী পরিচালক হতে অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মকর্তাগণকে বিশেষ (ইকো) ট্রেনিং এ অন্তর্ভূক্ত করা প্রয়োজন।</td><td>খ) আগামী মে/২০২৪ মাসের মধ্যে আবশ্যিকভাবে সহকারী পরিচালক হতে অতিরিক্ত পরিচালক পর্যায়ের কর্মকর্তাদের ০৩ দিনের বিশেষ (ইকো) ট্রেনিং আয়োজন সম্পন্ন করতে হবে।</td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন/ চীফ কনসালটেন্ট ডাঃ রাহেনুল রেসিডেন্ট</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকা<br>কর্তৃপক্ষ</th></tr>
<tr><td rowspan="3"></td><td rowspan="3"></td><td></td><td></td><td>সাইকিয়াট্রিস্ট</td></tr>
<tr><td rowspan="2">(গ) এনফোর্সমেন্ট কাজে নিয়োজিত স্টাফদের শৃঙ্খলা ও দক্ষতা সমুন্নত রাখতে সারদায় প্রশিক্ষণপ্রাপ্ত এনফোর্সমেন্ট স্টাফদের দিয়ে স্ব স্ব আওতাধীন বিভাগের জেলাগুলোতে প্রশিক্ষণের ধারা অব্যাহত রাখা প্রয়োজন।</td><td>গ.১) এনফোর্সমেন্ট কাজে নিয়োজিত স্টাফদের শৃঙ্খলা ও দক্ষতা সমুন্নত রাখতে সারদা হতে প্রশিক্ষণপ্রাপ্ত এনফোর্সমেন্ট স্টাফদের দিয়ে স্ব স্ব বিভাগের আওতাধীন জেলাগুলোতে আবশ্যিকভাবে প্রতি সপ্তাহের শনিবার ও বুধবার প্রত্যেক জেলায় পদায়নকৃত পরিদর্শক, উপপরিদর্শক, সহকারী উপপরিদর্শক এবং সিপাইগণের অনুশীলন চলমান রাখতে হবে। এ সকল প্রশিক্ষনের প্রমাণক হিসেবে ছবি সংরক্ষণ করতে হবে এবং তথ্যাদি প্রতিমাসে নিয়মিতভাবে পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন/অপারেশনস্)<br>অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>গ.২) এনফোর্সমেন্ট স্টাফদের রিফ্রেশার প্রশিক্ষণ সারদায় অথবা পিটিসিতে ট্রেনিং প্রদানের নিমিত্ত পুলিশ হেডকোয়ার্টার্স এ যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)<br>সহকারী পরিচালক (কমন সার্ভিস)</td></tr>
<tr><td>০২</td><td>কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত</td><td>নিয়োগ কার্যক্রম ও পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতি প্রদানে ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।</td><td>সিদ্ধান্তঃ নিয়োগ বিধিমালা অনুযায়ী শূণ্য পদের বিপরীতে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ এবং পদোন্নতিযোগ্য কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি প্রদান কার্যক্রম চলমান রাখতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন)</td></tr>
<tr><td rowspan="6">০৩</td><td rowspan="6">মাদক মামলা/ অভিযান সংক্রান্ত</td><td>(ক) প্রমাপ অনুযায়ী মামলা ব্যবস্থা দায়ের গ্রহণ করা প্রয়োজন।</td><td>ক.) মামলা দায়েরের প্রমাপ অনুযায়ী ন্যূনতম পারফরম্যান্স অর্জন করতে হবে। নিম্নবর্ণিত ছকে বিভাগভিত্তিক মে/২৪ মাসের মামলার পরিসংখ্যান যথারীতি প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>কার্যালয়/বিভাগের নাম</th><th>মাসিক মামলার প্রমাপ (সংখ্যা)</th><th>দায়েরকৃত নিয়মিত মামলা (আলোচ্য মাসে)</th><th>দায়েরকৃত মোবাইল কোর্ট মামলা (আলোচ্য মাসে)</th><th>মোট মামলা</th><th>প্রমাপ অর্জিত হয়নি (জেলার নাম ও সংখ্যা)</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)।</td></tr>
<tr><td rowspan="5">(খ) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ সংক্রান্ত</td><td>খ.১) বিচারাধীন মামলা নিষ্পত্তির রেকর্ড হালনাগাদ রাখতে হবে। নিম্নবর্ণিত ছকে এ সংক্রান্ত বিভাগভিত্তিক পরিসংখ্যান প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">আদালতে মোট পেন্ডিং মামলা (সংখ্যা)</th><th rowspan="2">ফৌ.কা.বি. এর ১৭৩ অনুযায়ী আদালতে তদন্ত প্রতিবেদন দাখিল</th><th rowspan="2">দায়েরকৃত নিয়মিত মামলা (আলোচ্য মাসে)</th><th>নিষ্পত্তিকৃত মামলা</th><th>সাজা</th><th>খালাস</th></tr>
<tr><td></td><td></td><td></td></tr>
</table></td><td rowspan="4">পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)।</td></tr>
<tr><td>খ.২) মামলা খালাস হলে গুরুত্ব অনুযায়ী উচ্চ আদালতে আপীল দায়ের করতে হবে।<br>খ.৩) বর্তমানে যে সংখ্যক মামলা পেন্ডিং রয়েছে এর তালিকা বিজ্ঞ আদালতের সাথে মিলিয়ে হালনাগাদ প্রতিবেদন প্রেরণ করতে হবে। নিষ্পত্তিকৃত মামলার তথ্য বিভাগীয় কার্যালয় হতে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য একটি ছক তৈরি করবেন উপপরিচালক (অপারেশনস)।</td></tr>
<tr><td>খ.৪) প্রাপ্ত সমনের বিপরীতে সাক্ষ্য প্রদান বৃদ্ধি করতে হবে। প্রাপ্ত সমন ও প্রদানকৃত সাক্ষ্যের তুলনামূলক বিবরণী নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে। পাশাপাশি প্রসিকিউটর/সহকারী প্রসিকিউটর কর্তৃক সাক্ষ্য সংক্রান্ত রেজিস্টার</td></tr>
<tr><td>(ফরওয়ার্ড ডায়েরি) সংরক্ষণ নিশ্চিত করতে হবে:
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">কর্মস্থলে ৩১ মে পর্যন্ত প্রাপ্ত সমনের সংখ্যা</th><th colspan="4">মোট সাক্ষ্য প্রদান (সংখ্যা)</th><th rowspan="2">সাক্ষ্য প্রদানের হার (%)</th></tr>
<tr><th>১ লা মে হতে ৩১ মে পর্যন্ত মোট সাক্ষ্য প্রদানের ধার্য্য তারিখের সমন সংখ্যা</th><th>এপ্রিল/২৪ (সংখ্যা)</th><th>মে/২৪ (সংখ্যা)</th><th>বর্তমান কর্মস্থলে সাক্ষ্য প্রদান সংখ্যা (মে/২৪)</th></tr>
</table>
খ.৫) রুজুকৃত মামলার তদন্ত প্রতিবেদন যথাসময়ে বিজ্ঞ আদালতে দাখিলে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td></tr>
<tr><td>খ.৬) জানুয়ারি/২০২৩ হতে এপ্রিল/২০২৪ পর্যন্ত বিভাগীয় কার্যালয় অন্যান্য সংস্থা হতে প্রেরিত নমুনার রিপোর্ট প্রধান রাসায়নিক পরীক্ষক মহাপরিচালক বরাবর দাখিলপূর্বক আগামী সভায় উপস্থাপন করবেন।</td><td>প্রধান রাসায়নিক পরীক্ষক।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td>(গ) মাদক চোরাকারবারীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা প্রয়োজন। পাশাপাশি মাসভিত্তিক তালিকা তৈরি করার পদক্ষেপ নেয়া প্রয়োজন।</td><td>(গ) ১. মাদকের গডফাদার (পৃষ্ঠপোষক, অর্থলগ্নীকারী), ২. মাদক চোরাকারকারী, ৩. মাদক সরবরাহকারী এবং ৪. মাদকসেবী মাদক সংশ্লিষ্টদের তালিকা ক্যাটাগরি অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। পাশাপাশি শীর্ষ মাদক চোরাকারবারীদের তালিকাও হালনাগাদ করে প্রেরণ করতে হবে।</td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)।</td></tr>
<tr><td>০৪</td><td>ওয়াকিটকি/ ওয়ারলেস সেটসমূহের কার্যকারিতা সচলকরণ সংক্রান্ত</td><td>মাঠ পর্যায়ে বিতরণকৃত ওয়াকিটকি/ওয়ারলেসসেটসমূহ সচলকরণে অতিরিক্ত মহাপরিচালকের নেতৃত্বে গঠিত কমিটির কার্যক্রম চলামান রয়েছে। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।</td><td>ক) ঢাকা শহরের ওয়াকিটকি/ওয়ারলেস সেটসমূহ চালু করার বিষয়ে অপারেশনস্ অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।</td><td>পরিচালক (অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td rowspan="2">চিকিৎসা ও পুনর্বাসন সংক্রান্ত</td><td rowspan="2">বেসরকারি মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্রগুলোর সেবার মান বৃদ্ধি করতে মনিটরিং ও পরিদর্শন অব্যাহত রাখা এবং প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন।</td><td>ক) বেসরকারি মাদকাসক্তি চিকিৎসা ও নিরাময় কেন্দ্রগুলোর চিকিৎসা সেবার মান বৃদ্ধির লক্ষ্যে অতিরিক্ত পরিচালকগণ নিম্নবর্ণিত প্রমাপ অনুযায়ী পরিদর্শন করবেন এবং বাস্তবায়ণ অগ্রগতি প্রতিবেদন প্রধান কার্যালয় প্রেরণ করবেন।
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">মোট নিরাময় কেন্দ্রের সংখ্যা</th><th colspan="2">অতিরিক্ত পরিচালকের পরিদর্শন</th></tr>
<tr><th>প্রমাপ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>ঢাকা</td><td></td><td>৮</td><td></td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td></td><td>৪</td><td></td></tr>
<tr><td>রাজশাহী</td><td></td><td>৪</td><td></td></tr>
<tr><td>রংপুর</td><td></td><td>৩</td><td></td></tr>
<tr><td>খুলনা</td><td></td><td>৩</td><td></td></tr>
<tr><td>সিলেট</td><td></td><td>৩</td><td></td></tr>
<tr><td>বরিশাল</td><td></td><td>২</td><td></td></tr>
<tr><td>ময়মনসিয়হ</td><td></td><td>৪</td><td></td></tr>
</table></td><td>পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td>খ) ডোপটেস্ট বৃদ্ধির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ডোপটেস্ট এবং মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণকারী রোগীদের মাসিক তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">কার্যালয়/ বিভাগ</th><th>ডোপটেস্ট (সংখ্যা) এপ্রিল/২৪</th><th>ডোপটেস্ট (সংখ্যা) মে/২৪</th><th colspan="3">মে/২৪ মাসে চিকিৎসা গ্রহণকারী রোগীর সংখ্যা</th></tr>
<tr><td></td><td></td><td>সরকারী</td><td>বেসরকারী</td><td>মোট</td></tr>
</table>
গ) বর্তমানে অধিদপ্তরের আওতাধীন (ঢাকা, চট্টগ্রাম) ০২ টি রাসায়নিক পরীক্ষাগারের কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী, সিলেট, বরিশাল বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার সমূহে ইতোমধ্যে যাবতীয় যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে এবং সুরক্ষা সেবা বিভাগ হতে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। এগুলোর প্রয়োজনীয় কার্যক্রম চালু করতে হবে। পাশাপাশি রংপুর, খুলনা ও ময়মনসিংহ বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার স্থাপনের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। এবিষয়ে ডিপিপি প্রণয়ন দ্রুত সম্পন্ন করতে হবে।<br>ঘ) ডিপিপি প্রণয়ন শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>ঙ) নির্বাচনী ইশতেহার-২০২৪ অনুযায়ী ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনের সর্বশেষ বাস্তবায়ন ও অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>পরিচালক (প্রশাসন/চিকিৎসা ও পুনর্বাসন)/ চীফ কনসালটেন্ট/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল), উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td>০৬</td><td>নিরোধ শিক্ষা কার্যক্রম</td><td>সমন্বিত কর্মপরিকল্পনার কার্যক্রমগুলো বাস্তবায়নের লক্ষ্যে মাঠপর্যায়ের গৃহীত কার্যক্রমগলো সফটওয়্যার/মোবাইল এ্যাপস এর মাধ্যমে নিয়মিত আপলোড করার জন্য পত্র মারফত নির্দেশনা প্রদান করা হয়েছে।</td><td>ক.১) অতিরিক্ত পরিচালকগণ তাঁর বিভাগ কর্তৃক সফটওয়্যারের মাধ্যমে সম্পাদিত সমন্বিত কর্মপরিকল্পনার কার্যক্রমের তথ্য আগামী সভায় উপস্থাপন করবেন।<br>ক.২) মাদকবিরোধী প্রচারণা কার্যক্রমের প্রদত্ত বাজেট বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।</td><td>পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td rowspan="2">০৭</td><td rowspan="2">বিভাগীয় কর্মকর্তাদের অফিস পরিদর্শন সংক্রান্ত</td><td rowspan="2">বিভাগীয় কর্মকর্তাগণকে বাধ্যতামূলকভাবে প্রতি মাসে ০২টি অফিস পূর্ণাঙ্গ পরিদর্শন করে উক্ত প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করা প্রয়োজন।</td><td>ক) প্রত্যেক বিভাগীয় কর্মকর্তাগণ লক্ষ্যমাত্রা অনুযায়ী বা তার অধিক অফিস পরিদর্শন করবেন। পরিদর্শন শেষে সংশ্লিষ্ট সকলের উদ্দেশ্যে নির্দেশনামূলক ব্রিফিং প্রদান করবেন। পরিদর্শনের পরিসংখ্যান নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>এপ্রিল/২৪ এ পরিদর্শনের সংখ্যা</th><th>মে/২৪ এ পরিদর্শনের সংখ্যা</th><th>পরিদর্শনকৃত কার্যালয়ের নাম</th><th>সকল কর্মকর্তার মোট পরিদর্শন সংখ্যা</th></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (কমন সার্ভিস)।</td></tr>
<tr><td>খ) বিধিমালা অনুযায়ী হোটেল বার/রেস্টুরেন্ট বার/ক্লাব বার/সিএস/এফএল প্রতিষ্ঠানের প্রতি নজরদারী অব্যাহত রাখতে হবে। অতিরিক্ত পরিচালকগণ প্রয়োজন অনুযায়ী পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন । নিম্নবর্ণিত ছকে মাসিক তথ্য প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>মোট বার ও দোকানের সংখ্যা</th><th>অতিরিক্ত পরিচালক কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>উপপরিচালক/ অফিস প্রধান কর্তৃক পরিদর্শনের সংখ্যা</th><th>মোট পরিদর্শনের সংখ্যা</th></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন/ অপারেশন্স)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td>০৮</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সুশাসন সংক্রান্ত অন্যান্য কার্যক্রম</td><td>অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা প্রয়োজন। প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করা আবশ্যক।</td><td>ক) অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও জাতীয় উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচকভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ/কর্মকর্তাকে তার লক্ষ্যমাত্রা অর্জন যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। প্রতি মাসের ৩ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>খ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর প্রতিটি কর্মসম্পাদন সূচকের প্রমাণক স্ব স্ব বিভাগীয় কার্যালয়ে/সংশ্লিষ্ট অধিশাখায় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং সকল প্রমাণকে সংশ্লিস্ট কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে।<br>গ) সুরক্ষা সেবা বিভাগের সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর সূচক ১.২.৪ (বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহের এপিএ বাস্তবায়ন মনিটরিং/পরিদর্শন) অনুযায়ী সকল বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ বর্ণিত স্ব স্ব অধিক্ষেত্রের কার্যালয়সমূহের মধ্য হতে ঢাকা, চট্টগ্রাম, খুলনা বিভাগ প্রতিমাসে ০৫টি করে, রাজশাহী ও রংপুর বিভাগ ০৪টি করে এবং সিলেট, ময়মনসিংহ ও বরিশাল বিভাগ কর্তৃক প্রতিমাসে</td><td>পরিচালক (সকল)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>০৩টি করে জেলা/মেট্রো/বিশেষ জোন কার্যালয়ের এপিএ কার্যক্রম মনিটরিং/পরিদর্শন করতে হবে ও এতদসংক্রান্ত পরিদর্শনের অব্যবহিত পরপরই প্রতিবেদন প্রেরণ করতে হবে এবং পরিসংখ্যান নিম্নবর্ণিত ছকে উপস্থাপন করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>এপিএ কার্যক্রম মনিটরিং/ পরিদর্শন সংখ্যা (মে/২৪)</th><th>এপিএ কার্যক্রম মনিটরিং/পরিদর্শনকৃত কার্যালয়ের নাম</th></tr>
</table>
ঘ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৩-২৪ এর সকল সূচকের লক্ষ্যমাত্রা মে/২০২৪ মাসের মধ্যে অর্জন সম্পন্ন করতে হবে এবং সকল প্রমাণক স্ব স্ব কার্যালয়ে যথাযথভাবে সংরক্ষণ/প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>অধিদপ্তরের জমি সংক্রান্ত</td><td>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জমির ভূমি উন্নয়ন কর/পৌর কর নিয়মিত পরিশোধ ও ভূমির মিউটেশন সম্পন্ন করতে হবে। প্রতিবন্ধকতা না থাকা অবস্থায় ভূমি উন্নয়ন কর অপরিশোধিত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ি থাকার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>ক.১) অধিদপ্তরের মাঠ পর্যায়ে সকল কার্যালয়ের নিজস্ব জমির নামজারি, রেকর্ড ও জরিপসহ অন্যান্য তথ্যাদি হালনাগাদ রাখতে হবে। জমির প্রতিবন্ধকর্তা না থাকা অবস্থায় ভূমি উন্নয়ন কর যথাসময়ে পরিশোধ না করলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবে। এ সংক্রান্ত বিভাগভিত্তিক তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>জমির পরিমাণ</th><th>নামজারী সম্পন্নকৃত</th><th>বেদখলকৃত</th><th>বর্তমান অবস্থা (সংক্ষিপ্তভাবে)</th><th>মন্তব্য</th></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন)/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>ক.২) সিলেট, ময়মনসিংহ ও লালমনিরহাটে বেদখলকৃত জমি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি সম্বলিত প্রতিবেদন আগামী ৩১/০৫/২০২৪ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয়, সিলেট/রংপুর/ ময়মনসিংহ</td></tr>
<tr><td>১০</td><td>ডি-নথি কার্যক্রম সংক্রান্ত</td><td colspan="2">সিদ্ধান্ত: বিভাগ/রাসায়নিক পরীক্ষাগার/সিটিসি/জেলা/মেট্রো:সহ সকল কার্যালয়ে আবশ্যিকভাবে ডি-নথির মাধ্যমে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। যে সকল কার্যালয়ে এখনও ডি-নথি কার্যক্রম শুরু হয়নি (ঢাকা, ময়মনসিংহ, রংপুর, বরিশাল) ঐ সকল কার্যালয়ে দ্রুত ডি-নথি কার্যক্রম চালুর উদ্যোগ গ্রহণ করতে হবে। এ সংক্রান্ত মাসিক তথ্যাদি নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">বিভাগের নাম</th><th rowspan="2">ডি-নথিতে নিষ্পত্তি (সংখ্যা) (মে/২৪)</th><th rowspan="2">হার্ড ফাইলে নিষ্পত্তি (সংখ্যা) (মে/২৪)</th><th rowspan="2">মোট নিষ্পত্তি (সংখ্যা) (মে/২৪)</th><th colspan="2">নিষ্পত্তির শতকরা হার (%)</th><th rowspan="2">যে কার্যালয়ে ডি-নথি চালু হয়নি তার নাম</th></tr>
<tr><th>ডি-নথি (%)</th><th>হার্ড ফাইল (%)</th></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন)/চীফ কনসালটেন্ট/প্রধান রাসায়নিক পরীক্ষক/ অতিরিক্ত পরিচালক (সকল)</td></tr>
<tr><td rowspan="2">১১</td><td rowspan="2">তথ্য বাতায়ন হালনাগাদ করণ</td><td colspan="2">সিদ্ধান্ত (ক): সকল কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে এবং নিম্নবর্ণিত ছকে মাসিক তথ্য প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">কার্যালয়ের নাম (বিভাগ/রাসায়নিক পরীক্ষাগার/সিটিসি)</th><th colspan="3">আপলোডের বিবরণ (নোটিশ/কার্যবিবরণী/খবর/গ্যালারী/কর্মকর্তা-কর্মচারী/এপিএ)</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>আপলোডের মোট সংখ্যা</th><th>আপলোডকৃত কার্যালয়ের নাম</th><th>আপলোডকৃত নয় কার্যালয়ের নাম</th></tr>
</table></td><td>পরিচালক (প্রশাসন)/ চীফ কনসালটেন্ট/ প্রধান রাসায়নিক পরীক্ষক/অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)/প্রোগ্রামার</td></tr>
<tr><td colspan="2">সিদ্ধান্ত (খ): অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৫.১.২ নং কর্মসম্পাদন সূচক (আওতাধীন অফিসসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ নিশ্চিতকরণ) এ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয়ের তথ্য বাতায়ন ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে। প্রধান কার্যালয়ের প্রোগ্রামার কর্তৃক নির্ধারিত ছক অনুযায়ী বিভাগ, জেলা, মেট্রো:, বিশেষ জোন কার্যালয়ের ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকৃত স্বাক্ষরিত প্রতিবেদন স্ক্রিনসটসহ সমন্বয় করে নির্ধারিত সময়ের মধ্যে প্রশাসন অধিশাখায় দাখিল নিশ্চিত করতে হবে।</td><td>প্রোগ্রামার আইসিটি সেল প্রধান কার্যালয়</td></tr>
<tr><td>১২</td><td>অধিপদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম</td><td colspan="2">ক) চট্টগ্রাম বিভাগে ২০০ শয্যা বিশিষ্ট নিরাময় কেন্দ্র নিমার্ণের নিমিত্ত চট্টগ্রাম জেলায় ১০ একক জমি অধিগ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) পাবনা জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় নির্মাণের জন্য প্রস্তাবিত জমির রেকর্ড ক/খ শ্রেণি যাচাই পূর্বক দ্রুত অধিদপ্তরের নামে রেকর্ড সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>গ) কুমিল্লা জেলায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয় নির্মাণের জন্য ১নং খতিয়ান ভুক্ত হওয়া জমি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নামে চিরস্থায়ী বন্দোবস্ত/ বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পরিচালক(প্রশাসন)/ উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন)</td></tr>
<tr><td rowspan="2">১৩</td><td rowspan="2">রাজস্ব আয় সংক্রান্ত কার্যক্রম</td><td colspan="2">ক) ডিস্টিলারীতে মদ্যজাতীয় পানীয় (এ্যালকোহল) উৎপাদন, বিপণন ও রাজস্ব আয়ের মাসিক তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>রাজস্ব আয়</th></tr>
<tr><td></td><td></td></tr>
</table></td><td>অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।</td></tr>
<tr><td colspan="2">খ) অধিদপ্তরের রাজস্ব আয়ের তথ্য নিম্নবর্ণিত ছকে প্রেরণ করতে হবে:
<table>
<tr><th>প্রধান কার্যালয়/ বিভাগের নাম</th><th>পূর্ববর্তী বছরের রাজস্ব আয় (টাকা) (মে/২৩)</th><th>পূর্ববর্তী মাসের রাজস্ব আয় (টাকা) (মে/২৪)</th><th>বিবেচ্য মাসের রাজস্ব আয় (টাকা) (মে/২৪)</th></tr>
</table></td><td>অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
<tr><td rowspan="3">১৪</td><td rowspan="3">বিবিধ</td><td rowspan="3">অধিদপ্তরের সামগ্রিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নে বিভিন্ন বিষয় আলোচনা করে ৪নং কলামে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ক) সময় সময় জারিকৃত সরকারের ব্যয় সাশ্রয় সংক্রান্ত সার্কুলার/প্রজ্ঞাপন যথাযথভাবে অনুসরণ করতে হবে।</td><td>অতিরিক্ত পরিচালক (সকল)/ সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)।</td></tr>
<tr><td>খ) দেশীমদ/বিলাতীমদ/রেক্টিফাইড স্পিরিট ইত্যাদি এর মাদকশুল্ক আদায় হ্রাস পাওয়ায় আইন ও বিধি অনুযায়ী সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও অধিদপ্তরের করতে হবে।<br><br>গ) মদ ও মদ জাতীয় কেরু এন্ড কোং কর্তৃপক্ষ যাতে পণ্যের উপর দাম বৃদ্ধি করণের ক্ষেত্রে এককভাবে মুল্য নির্ধারণ না করতে পারে সে বিষয়ে অতিরিক্ত পরিচালক, খুলনা হতে প্রাপ্ত প্রস্তাব আগামী সভার পূর্বেই নথিতে উপস্থাপন করতে হবে।</td><td>অতিরিক্ত পরিচালক বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td rowspan="6"></td><td rowspan="6"></td><td rowspan="6"></td><td>ঘ) সিলেট/বরিশাল/রাজশাহী বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারগুলো দ্রুত চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের অতিরিক্ত পরিচালকগণ এ বিষয়ে প্রধান রাসায়নিক পরীক্ষকের সাথে সমন্বয় করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।</td><td>পরিচালক (অপারেশনস্)/প্রধান রাসায়নিক পরীক্ষক/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট)/সহকারী রাসায়নিক পরীক্ষক, চট্টগ্রাম/রাজশাহী</td></tr>
<tr><td>ঙ) জব্দকৃত মাদকদ্রব্যের রাসায়নিক পরীক্ষার নমুনার প্রাপ্ত রিপোর্টের পরিসংখ্যান মাসিকভিত্তিতে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট অধিশাখায় প্রেরণ করতে হবে। নিম্নবর্ণিত ছকে প্রতি মাসের তথ্য প্রেরণ করতে হবে:
<table>
<tr><th rowspan="2">ক্র: নং</th><th rowspan="2">আলামতের নাম</th><th colspan="2">সংখ্যা</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>পজেটিভ</th><th>নেগেটিভ</th></tr>
<tr><td>১।<br>২।<br>৩।<br>৪।</td><td>ইয়াবা<br>গাঁজা<br>হেরোইন<br>.....ইত্যাদি</td><td></td><td></td><td></td></tr>
<tr><td></td><td>মোট=</td><td></td><td></td><td></td></tr>
</table></td><td>পরিচালক (অপারেশনস্)</td></tr>
<tr><td>চ) প্রত্যেক বিভাগীয় গোয়েন্দা/জেলা/মেট্রো:/বিশেষ জোন কার্যালয় কর্তৃক প্রতি মাসে কমপক্ষে ২টি মামলার তথ্য অধিদপ্তরের NIMS সফটওয়্যারে আপলোড করতে হবে। সফটওয়্যারে মামলা তথ্যাদি আপলোডকালীন কোন সমস্যার সম্মুখীন হলে অতিরিক্ত পরিচালকগণ প্রোগ্রামারের সাথে যোগাযোগ করে সমাধানে সচেষ্ট থাকবেন। এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি স্ব স্ব বিভাগীয় প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন।</td><td>পরিচালক (অপারেশনস্)/ অতিরিক্ত পরিচালক (সকল)/ প্রোগ্রামার।</td></tr>
<tr><td>ছ) প্রিন্ট মিডিয়া, ইলেক্ট্রনিক মিডিয়া ও স্যোসাল মিডিয়ায় অধিদপ্তরের অর্জন, কর্মতৎপরতা এবং গুরুত্বপূর্ণ মামলা নিষ্পত্তি কিংবা সাজা প্রদানের তথ্য অধিক প্রচারের উদ্যোগ নিতে হবে। বিভাগীয় প্রধানগণ স্ব স্ব ওয়েবসাইটে এ সংক্রান্ত তথ্য আপলোড করবেন। মিডিয়ায় সতর্কতা ও পরিমিতিবোধ বিবেচনায় রেখে তথ্যসমৃদ্ধ এবং গ্রহণযোগ্য তথ্য তুলে ধরতে হবে। Whats App গ্রুপের মাধ্যমেও এ সংক্রান্ত তথ্যাদি আদান-প্রদান করা যেতে পারে।</td><td>পরিচালক (সকল)/অতিরিক্ত পরিচালক (সকল)/সহকারী পরিচালক (জনসংযোগ)</td></tr>
<tr><td>জ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে ''সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ ব্যবহার নির্দেশিকা, ২০১৯ (পরিমার্জিত সংস্করণ)" যথাযথভাবে অনুসরণ করতে হবে। এক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও পরিমিতিবোধ বজায় রাখতে হবে।<br>ঝ) মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীগণকে স্ব স্ব কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান নিশ্চিত করতে হবে।<br>ঞ) মাদকদ্রব্য জাতীয় কাঁচামাল/মাদকদ্রব্য ব্যবহারের পারমিটের কোটা বৃদ্ধির প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে পূর্ণাঙ্গ যৌক্তিকতা ও মতামতসহ প্রতিবেদন প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>ট) পরিচালিত সকল মাদকবিরোধী অভিযানের তথ্য কেস রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে এবং ফলপ্রসু অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। পাশাপাশি অভিযান পরিচালনার নামে অহেতুক হয়রানি থেকে বিরত থাকতে হবে।</td><td>পরিচালক (অপারেশনস্/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)</td></tr>
</table>

০৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/০৬/২০২৪

(মুহাম্মদ মনিরুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক
(মহাপরিচালকের পক্ষে)

নং-৫৮.০২.০০০০.০০৫.০৬.০০১.২১-১৭৪৮

০১ জ্যৈষ্ঠ , ১৪৩১
তারিখ:
১৫ মে, ২০২৪

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অপারেশন্স/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৪. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/রংপুর/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশন্স/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), প্রধান কার্যালয়, ঢাকা।
৭. বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. রাসায়নিক পরীক্ষক, বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী/সিলেট।
১০. সহকারী পরিচালক (অপারেশনস্/প্রশাসন/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/কমন সার্ভিস/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।

১৫/০৫/২৪

(দীপজয় খীসা)
সহকারী পরিচালক (প্রশাসন)